DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 16 Aug 2026, 02:35 AM

সারাদেশ

# স্বাস্থ্যসেবায় অব্যবস্থাপনা: চাঁদপুরের সিভিল সার্জনকে স্ট্যান্ড রিলিজ

প্রতিবেদক: চাঁদপুর প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ০৯ আগস্ট ২০২৬, ০৪:৪১ PM



ছবি সংগৃহীত

চাঁদপুরের হাইমচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্যসেবার অব্যবস্থাপনা দেখে ক্ষোভ প্রকাশ করেছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। এ ঘটনায় চাঁদপুরের সিভিল সার্জন ডা. মোহাম্মদ নুর আলম দীনকে স্ট্যান্ড রিলিজের নির্দেশ দিয়েছেন তিনি।

রোববার (৯ আগস্ট) সকালে হাইমচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আকস্মিক পরিদর্শনে গিয়ে স্বাস্থ্যমন্ত্রী এ নির্দেশ দেন।

পরিদর্শনকালে মন্ত্রী হাসপাতালের বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন এবং রোগীদের চিকিৎসাসেবা, হাসপাতালের পরিবেশ ও সার্বিক ব্যবস্থাপনা পর্যবেক্ষণ করেন। এ সময় হাসপাতালের বিভিন্ন অনিয়ম ও অব্যবস্থাপনা তার নজরে আসে। এসব ঘটনায় অসন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দেন তিনি।

স্বাস্থ্যসেবার মতো গুরুত্বপূর্ণ খাতে কেন এমন অব্যবস্থাপনা তৈরি হয়েছে, সে বিষয়ে সংশ্লিষ্টদের কাছে জবাবদিহি চান স্বাস্থ্যমন্ত্রী। একই সঙ্গে দায়িত্বে অবহেলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন তিনি।

পরে চাঁদপুরের সিভিল সার্জন ডা. মোহাম্মদ নুর আলম দীনকে স্ট্যান্ড রিলিজের নির্দেশ দেন স্বাস্থ্যমন্ত্রী। এ নির্দেশের পর জেলার স্বাস্থ্য প্রশাসনে দায়িত্বশীল কর্মকর্তাদের তদারকি ও জবাবদিহি নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে।

হাইমচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি প্রত্যন্ত অঞ্চলের মানুষের চিকিৎসাসেবার অন্যতম প্রধান কেন্দ্র। স্থানীয়দের প্রত্যাশা, হাসপাতালের অনিয়ম ও অব্যবস্থাপনার বিষয়গুলো চিহ্নিত করে দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে পরিদর্শনকালে স্বাস্থ্যমন্ত্রী অভিযোগ করেন, বিগত ফ্যাসিস্ট সরকারের আমলে স্বাস্থ্যখাতের প্রতি যথাযথ নজর দেওয়া হয়নি। এর ফলে দেশের স্বাস্থ্যখাতে বর্তমানে ভঙ্গুর পরিস্থিতি বিরাজ করছে।

তিনি আরও অভিযোগ করেন, ওই সময়ে অতিরিক্ত দামে চিকিৎসা সরঞ্জাম কেনার মাধ্যমে সরকারি অর্থ আত্মসাৎ করা হয়েছে।

হাইমচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনের সময় চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**

নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**

নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/sbasthjsebay-objbsthapna-chandpurer-sibhil-sarjnke-stjand-rilij